১. মুঠোফোনের নিরাপদ ব্যবহারে নিচের কোনটি করতে হবে? ক. শক্ত কভার লাগাতে হবে খ. শক্তিশালী ব্যাটারি ব্যবহার করতে হবে গ. পিনকোড ব্যবহার করতে হবে ঘ. গ্রাস প্রটেক্টর ব্যবহার করতে হবে	৯. ভ্যারিয়েবলের সঠিক নামকরণ কোনটি? ক. 8a খ. @My_name গ. _variable ঘ. z!yan ১০. নিচের কোনটি একমুখি ডেটা কমিউনিকেশন? ক. সিমপ্লেক্স খ. হাফ ডুপ্লেক্স গ. সেমি-ডুপ্লেক্স ঘ. ফুল ডুপ্লেক্স
২. মুঠোফোনের নিরাপদ ব্যবহারের ক্ষেত্রে নিচের কোন পিনকোডটি অধিক শক্তিশালী? ক. ১১১১ খ. ৮৫৩৭ গ. ২৪৬৮ ঘ. ১২৩৪	নিচের অনুচ্ছেদটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও সম্প্রতি শাওন তার ব্যক্তিগত ব্যবহারের জন্য একটি ডেস্কটপ কম্পিউটার ও একটি প্রিন্টার ক্রয় করেছে। পড়ার টেবিলে ডেস্কটপ কম্পিউটারের সাথে তারের মাধ্যমে প্রিন্টার সংযুক্ত করে সে তার প্রয়োজনীয় কাজ করে। একটি বহুতল ভবনের ৮ম তলায় তারা বাস করে। ভবনটির নিচ তলায় তাদের একটি ট্রাভেল এজেন্সির অফিস রয়েছে। রাস্তার অপর পাশে তাদের ট্রাভেল বিষয়ক একটি ট্রেনিং সেন্টার আছে। অফিস ও ট্রেনিং সেন্টারে কয়েকটি ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার এবং একটি স্ক্যানার আছে। নিজেদের মধ্যে তথ্য আদান প্রদানের জন্য অফিস ও ট্রেনিং সেন্টারের ডিভাইসগুলো নেটওয়ার্কের মাধ্যমে সংযুক্ত করেছে।
৩. মেটাডেটা কী? ক. তথ্য সম্পর্কিত আরো তথ্য খ. মিথ্যা তথ্য গ. জরুরি তথ্য ঘ. দুর্বল তথ্য	১১. শাওন তার ব্যক্তিগত ব্যবহারের জন্য কোন ধরনের নেটওয়ার্ক স্থাপন করেছে? ক. পার্সোনাল এরিয়া নেটওয়ার্ক খ. লোকাল এরিয়া নেটওয়ার্ক গ. মেট্রোপলিটন এরিয়া নেটওয়ার্ক ঘ. ওয়াইড এরিয়া নেটওয়ার্ক
৪. ছবির অধিতথ্য পেতে ছবির উপর মাউস রেখে রাইট বাটনে ক্লিক করে কোন অপশনে যেতে হবে? ক. Open with খ. Copy as path গ. Open ঘ. Properties	১২. শাওনদের ট্রাভেল এজেন্সিতে কোন ধরনের নেটওয়ার্ক ব্যবহার করা হয়েছে? ক. পার্সোনাল এরিয়া নেটওয়ার্ক খ. লোকাল এরিয়া নেটওয়ার্ক গ. মেট্রোপলিটন এরিয়া নেটওয়ার্ক ঘ. ওয়াইড এরিয়া নেটওয়ার্ক
৫. নাগরিক ও ই-কমার্স সেবার শক্তিশালী মাধ্যম কী? ক. সামাজিক যোগাযোগ প্ল্যাটফর্ম খ. রেডিও গ. সংবাদপত্র ঘ. টিভি	১৩. প্রতি সেকেন্ডে গড়ে যত বিট ডেটা চলাচল করতে পারে তাকে কী বলে? ক. ডিলে খ. ব্যান্ডউইথ গ. ল্যাটেন্সি ঘ. থ্রুপুট
৬. নিচের কোনটি float type ভ্যারিয়েবল? ক. True খ. ৫ গ. c ঘ. ৯.০৭	১৪. নিচের কোনটি দুর্বল সিগনালকে সবল করে? ক. মডেম খ. রিপিটার গ. ফায়ারওয়াল ঘ. ব্রিজ
৭. মডুলো অপারেটর কোনটি? ক. + খ. - গ. * ঘ. %	১৫. ইলাস্ট্রেটরে কোন টুলের সাহায্যে যেকোনো স্থানে শেড আনা যায়? ক. Paintbrush Tool খ. Pen Tool গ. Mesh Tool ঘ. Pencil Tool
৮. কোন তথ্য যদি প্রোগ্রামের ভিতর সঞ্চয় করতে বা রাখতে চাই তবে আমরা কী ব্যবহার করতে পারি? ক. ডেটাটাইপ খ. ভ্যারিয়েবল গ. স্ট্যাক ঘ. অ্যারে	

১৬. মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য ডিজিটাল লিটারেসি কোর্সটি কোথায় করা যায়?
১৭. ভোক্তার কাছ থেকে পণ্য সংগ্রহ করে কোনো ব্যবসায়ী যখন এটি অন্যের কাছে বিক্রি করে তা কোন ধরনের ই কমার্সের উদাহরণ?
১৮. ধারণক্ষমতার চেয়ে বেশি ডেটার উপস্থিতিতে কী বলে ?
১৯. ট্রুথ টেবিলে ২টি ইনপুট নিলে সম্ভাব্য মোট কতটি ঘটনা পাওয়া যায়?
২০. নেটওয়ার্কে ডেটা আদান-প্রদানের ক্ষেত্রে বড় ডেটাকে (মূল ডেটা) ছোট ছোট ভাগে ভাগ করা হয়, এই ভাগগুলোকে কী বলা হয়?
২১. ওয়াকিটকিতে দুজন পুলিশ অফিসারের কথোপকথন কোন ধরনের ডেটা ট্রান্সমিশন মোড?
২২. কোনো ভ্যারিয়েবলে যদি সত্য অথবা মিথ্যা কে তথ্য হিসাবে জমা রাখতে চাই সেটি কী ধরনের তথ্য হবে?
২৩. নেতিবাচক বা বিপরীত ঘটনাকে আমরা প্রকাশ করতে পারি কী দিয়ে?
২৪. প্রতিটি NIC কার্ডে নির্মাতা কর্তৃক নির্ধারিত একটি অনন্য ঠিকানা থাকে, তার নাম কী?
২৫. ডিজিটাল নেটওয়ার্ক কয় ধরনের হতে পারে?

খ-বিভাগ: সংক্ষিপ্ত প্রশ্ন

২×১০=২০

১. সিমপ্লেক্স মোড কাকে বলে?
২. মডেম কী কাজ করে?
৩. নেটওয়ার্ক প্রটোকল কী?
৪. ফায়ারওয়াল কী?
৫. মুঠোফোনের নিরাপদ ব্যবহারের দুটি উপায় লেখো।
৬. কোন ওয়েবসাইটে যোগাযোগের নাম্বার কোথায় পাওয়া যায়?
৭. ট্রুথ টেবিল কাকে বলে?
৮. মেশিন কোড কী?
৯. পাইথনে Hello World এর প্রিন্ট কমান্ড লেখো।
১০. ভ্যারিয়েবলের প্রথম বর্ণ হতে পারে এমন দুটি উদাহরণ লেখো।

গ-বিভাগ

রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপটবিহীন)

(৫টি থেকে যেকোনো ৩টি প্রশ্নের উত্তর দাও, নিম্নে ৩টি নমুনা প্রশ্ন দেওয়া হলো)

৫×৩=১৫

১. উইন্ডোজ কুইক সেটিং মেনু থেকে WiFi নেটওয়ার্কে সংযুক্ত হওয়ার ধাপসমূহ বর্ণনা করো।
২. কীভাবে নিরাপদে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করা যায়?
৩. ডিজিটাল ফুটপ্রিন্ট বলতে কী বোঝায়? এটির প্রভাব বিশ্লেষণ করো।

ঘ-বিভাগ

প্রেক্ষাপটনির্ভর রচনামূলক প্রশ্ন

(৭টি থেকে যেকোন ৫টি প্রশ্নের উত্তর দাও, নিম্নে ৫টি নমুনা প্রশ্ন দেওয়া হলো)

৮×৫ = ৪০

১. সুজন তার পরীক্ষার ফলাফলের ঘোষণা টিভিতে দেখতে পায়। ফলাফল ঘোষণার পরে মোবাইল ফোনে পরীক্ষার ফলাফলটি সে তার বাবাকে জানায়। সুজনের বাবা একজন ট্রাফিক পুলিশ যিনি প্রায়শই তার সহকর্মীদের সাথে ওয়াকিটকিতে কথা বলে থাকেন।
ক) উল্লিখিত উদ্দীপকে যে সমস্ত যোগাযোগের ধরন বর্ণনা করা হয়েছে তার ডেটা ট্রান্সমিশন মোড ব্যাখ্যা করো। ৩
খ) তোমার উল্লিখিত ডেটা ট্রান্সমিশন মোড এর মধ্যে কোনটি বেশি সুবিধাজনক বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৫
২. গত ১২ মে ২০২৪ তারিখে এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়। প্রায় ২০ লক্ষ পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণ করে। অধিকাংশ পরীক্ষার্থী অনলাইনে ফলাফল দেখার চেষ্টা করে। এসএসসি পরীক্ষার্থী মামুন তার ল্যাপটপে ফলাফল দেখার চেষ্টা করে। কিন্তু

দেখা যায় কোনো একটি নির্দেশ দেবার অনেক সময় পর পরবর্তী ধাপ আসে। এমনকি মাঝে মাঝে নতুন করে শুরু করতে হয়। সে তার ইন্টারনেট সংযোগ পরীক্ষা করে দেখে সংযোগ ঠিকই আছে। এই ওয়েবসাইট সে আগেও ব্যবহার করেছে তখন দ্রুত কাজ করেছে। সে তার শিক্ষককে এ বিষয়ে জিজ্ঞেস করলে শিক্ষক জানান, নেটওয়ার্কে একসাথে অধিক তথ্যের চাপ পড়লে এমন হতে পারে।

ক. নেটওয়ার্ক সম্পর্কিত কোন বিষয়ের কারণে মামুন এ ধরনের সমস্যায় পড়েছে। ব্যাখ্যা করো। ৩

খ. ব্যান্ডউইথ ও গ্লুপুট ধারণার সাহায্যে অনুচ্ছেদের সমস্যা সম্পর্কে তোমার মতামত ৫

৩. নিশাত প্রায়ই মায়ের মোবাইল নিয়ে কার্টুন, সিনেমা দেখে এবং মায়ের ফেসবুক অ্যাকাউন্টে প্রবেশ করে বিভিন্ন পোস্টে লাইক দেয়, কमेंটস লিখে সময় নষ্ট করে। মা অনেক নিষেধ করা সত্ত্বেও কথা শুনেনা। মায়ের সাথে মেজাজ খারাপ করে। ক্লাসে অমনযোগী। বন্ধুদের সাথে কথা বলার সময় অল্পতেই রেগে যায়।

ক. কী কারণে নিশাতের আচরণে এমন পরিবর্তন হয়েছে? পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩

খ. নিশাতের আচরণের পরিবর্তনের উপর কী কী বিষয় কাজ করেছে বলে তুমি মনে কর। এ থেকে পরিত্রানের উপায় বর্ণনা করো। ৫

৪. প্রতি মাসে আজিজ সাহেবের নির্দিষ্ট কিছু খাতে খরচ করতে হয়। খাতগুলো হলো house rent, electric bill, gas bill. খাতগুলোর খরচ প্রতি মাসে একই থাকে না।

ক) উদ্দীপকে উল্লিখিত আজিজ সাহেবের মাসিক নির্দিষ্ট খরচগুলো পাইথনে প্রিন্ট করার কোড লেখো। ৩

খ) আজিজ সাহেবের উল্লিখিত খরচগুলো হিসাব করে এক মাসের মোট খরচ বের করার প্রোগ্রাম লেখো। ৫

৫. রিমনের একটি শোরুম আছে যেখানে ছেলেদের শার্ট, জিন্সের প্যান্ট, টিশার্ট, হাল ফ্যাশনের জুতা বিক্রয় করা হয়। সম্প্রতি তিনি ‘ক ফ্যাশন’ নামে ফেসবুকে একটি পেজ খুলেছেন। তাঁর পেজে প্রবেশ করলে বিভিন্ন পণ্যের ছবি, পণ্যের বিবরণ, দাম দেয়া আছে। এখানে পণ্যের দাম অনলাইনে পরিশোধের কথা বলা আছে। কামাল ‘ক ফ্যাশন’ নামক পেজে প্রবেশ করে লক্ষ্য করে একটি জিন্সের প্যান্টের দাম লেখা রয়েছে ২ হাজার টাকা। জিন্সের প্যান্টটি তার পছন্দ হয়। কিন্তু এটির গুণগত মান, যৌক্তিক দাম, কীভাবে দাম পরিশোধ করবে ইত্যাদি বিষয়ে চিন্তায় পড়ে যায়।

ক. ‘ক ফ্যাশন’ কোন মাধ্যমে পণ্য ক্রয় বিক্রয় করছে? পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

খ. কামাল পণ্যের মান যাচাই ও দাম পরিশোধের ক্ষেত্রে সে কোন কোন মাধ্যম ব্যবহার করতে পারে? এ বিষয়ে কোনো সতর্কতা অবলম্বনের প্রয়োজনীয়তা আছে কি? পাঠ্য বইয়ের আলোকে তোমার মতামত দাও। ৫

(ছ) নৈর্ব্যক্তিক প্রশ্ন অংশের (২৫টির) উত্তর

বহুনির্বাচনি প্রশ্নের উত্তরমালা [১-১৫]

প্রশ্ন নং	উত্তর	প্রশ্ন নং	উত্তর	প্রশ্ন নং	উত্তর
১	গ	৬	ঘ	১১	ক
২	খ	৭	ঘ	১২	খ
৩	ক	৮	খ	১৩	খ
৪	ঘ	৯	গ	১৪	খ
৫	খ	১০	ক	১৫	গ

এক কথায় উত্তর দাও [১৬-২৫]

প্রশ্ন নং	উত্তর	প্রশ্ন নং	উত্তর
১৬	কিশোর বাতায়নে	২১	হাফ ডুপ্লেক্স
১৭	ব্যবসায়ী থেকে ভোক্তা	২২	bool
১৮	নেটওয়ার্ক কনজেশন	২৩	লজিকাল নট দিয়ে
১৯	৪ টি	২৪	MAC অ্যাড্রেস
২০	প্যাকেট	২৫	২ ধরনের

(জ) রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপট নির্ভর) একটি প্রশ্নের রুব্রিক্স

৪. প্রতি মাসে আজিজ সাহেবের নির্দিষ্ট কিছু খাতে খরচ করতে হয়। খাতগুলো হলো house rent, electric bill, gas bill. খাতগুলোর খরচ প্রতি মাসে একই থাকে না।

- ক) উদ্দীপকে উল্লিখিত আজিজ সাহেবের মাসিক নির্দিষ্ট খরচগুলো পাইথনে প্রিন্ট করার কোড লেখো। ৩
- খ) আজিজ সাহেবের উল্লিখিত খরচগুলোর ১ মাসের মোট খরচ বের করার প্রোগ্রাম লেখো। ৫

৪ (ক) রুব্রিক্স:

প্রশ্ন নং	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৪ (ক)	৩	আজিজ সাহেবের মাসিক খরচের তিনটি খাতের নাম প্রিন্ট করার কোড লিখতে পারলে।
	২	আজিজ সাহেবের মাসিক খরচের দুইটি খাতের নাম প্রিন্ট করার কোড লিখতে পারলে।
	১	আজিজ সাহেবের মাসিক খরচের একটি খাতের নাম প্রিন্ট করার কোড লিখতে পারলে।
	০	ভুল বা অপ্রাসঙ্গিক কোন উত্তর লিখলে।

৪ (খ) রুব্রিক্স:

প্রশ্ন নং	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৪ (খ)	৫	আজিজ সাহেবের মাসিক খরচের তিনটি খাতের খরচের পরিমাণ ইনপুট দেওয়ার প্রোগ্রাম তৈরি, সকল খাতের পরিমাণ নির্ণয় করার প্রোগ্রাম তৈরি এবং মাসিক খরচের সম্পূর্ণ হিসাব প্রিন্ট করার কোড লিখতে পারলে।
	৪	আজিজ সাহেবের মাসিক খরচের তিনটি খাতের খরচের পরিমাণ ইনপুট দেওয়ার প্রোগ্রাম তৈরি, সকল খাতের পরিমাণ নির্ণয় করার প্রোগ্রাম তৈরির কোড লিখতে পারলে।
	৩	আজিজ সাহেবের মাসিক খরচের তিনটি খাতের খরচের পরিমাণ ইনপুট দেওয়ার প্রোগ্রাম তৈরির কোড লিখতে পারলে।
	২	আজিজ সাহেবের মাসিক খরচের দুইটি খাতের খরচের পরিমাণ ইনপুট দেওয়ার প্রোগ্রাম তৈরির কোড লিখতে পারলে।
	১	আজিজ সাহেবের মাসিক খরচের একটি খাতের খরচের পরিমাণ ইনপুট দেওয়ার প্রোগ্রাম তৈরির কোড লিখতে পারলে।
	০	ভুল বা অপ্রাসঙ্গিক কোন উত্তর লিখলে।

বার্ষিক মূল্যায়ন নির্দেশিকা-২০২৪

বিষয়: বিজ্ঞান

শ্রেণি: অষ্টম

(ক) শিক্ষকের জন্য প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা

সিলেবাস: অষ্টম শ্রেণির বার্ষিক মূল্যায়নের সিলেবাসে পাঁচটি অভিজ্ঞতা রাখা হয়েছে। একইসাথে এই পাঁচটি অভিজ্ঞতা সংশ্লিষ্ট অনুযায়ী অনুসন্ধানী পাঠের অধ্যয়নসমূহ অন্তর্ভুক্ত থাকবে।

শিখনকালীন মূল্যায়ন: শ্রেণি ও শ্রেণির বাহিরের শিক্ষার্থীর বিভিন্ন কাজের উপর ভিত্তি করে ধারাবাহিক মূল্যায়ন করা হবে। ধারাবাহিক মূল্যায়নের বিভিন্ন আইটেমকে ৩টি গ্রুপে ভাগ করে মূল্যায়ন করবেন প্রতিটি গ্রুপের বিভিন্ন কাজ বিবেচনায় নিয়ে ১০ নম্বর করে মোট ৩০ নম্বরের শিখনকালীন মূল্যায়ন করবেন। ধারাবাহিক মূল্যায়নের বিভিন্ন আইটেমের বিভাজন বিস্তারিত নির্দেশনায় ('ঘ' অংশ- শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবন্টন) দেয়া আছে।

সামষ্টিক মূল্যায়ন: সামষ্টিক মূল্যায়ন হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। অনুসন্ধানী পাঠ বইয়ের সিলেবাস কতটুকু হবে, তা অনুচ্ছেদ নম্বর দিয়ে বুঝানো হয়েছে। বিজ্ঞান বিষয়ে ১০০ নম্বরের মধ্যে লিখিত পরীক্ষা নিয়ে প্রাপ্ত নম্বরের ৭০ এর মধ্যে প্রাপ্ত নম্বরে রূপান্তর করতে হবে। বিজ্ঞান বিষয়ে বহু নির্বাচনী প্রশ্ন, এক কথায় উত্তর, সংক্ষিপ্ত প্রশ্ন, দৃশ্যপটবিহীন বিশ্লেষণধর্মী প্রশ্ন ও দৃশ্যপটনির্ভর বিশ্লেষণধর্মী প্রশ্ন ব্যবহার করে সামষ্টিক মূল্যায়ন নেয়া হবে।

(খ) ২০২৪ সালের বার্ষিক পরীক্ষার সিলেবাস

ক্রমিক নম্বর	অভিজ্ঞতার নাম	সংশ্লিষ্ট বিষয়বস্তু (অনুসন্ধানী পাঠ)
১	যাযাবর পাখিদের সন্ধানে	অধ্যায়-৭: সূর্য, পৃথিবী ও চাঁদ (৭.১ থেকে ৭.৬.৩) অধ্যায়-১১: ভৌগলিক স্থানাংক, স্থানিক সময় এবং অঞ্চলসমূহ (১১.১ থেকে ১১.৬) অধ্যায়-১২: চুম্বক (১২.১ থেকে ১২.৪)
২	সবুজ বন্ধু	অধ্যায়-৪: কোষ বিভাজন ও তার রকমভেদ (৪.১ থেকে ৪.৩) অধ্যায়-৫: উদ্ভিদের কোষ, টিস্যু ও তাদের বিশেষত্ব (৫.১ থেকে ৫.৪) অধ্যায়-১০: জীবের শ্রেণিবিন্যাস পদ্ধতি (১০.১ থেকে ১০.২.২)
৩	ফিল্ড ট্রিপ	অধ্যায়-১: গতির কথা (১.১ থেকে ১.৪.৫) অধ্যায়-২: শক্তি (২.১ থেকে ২.৫)
৪	আমাদের ল্যাবরেটরি	অধ্যায়-৩: পরমাণুর গঠন (৩.১ থেকে ৩.৪.১) অধ্যায়-৮: রাসায়নিক বিক্রিয়া (৮.১ থেকে ৮.৫)
৫	জীবজগতের বংশলতিকা	অধ্যায়-৪: কোষ বিভাজন ও তার রকমভেদ (৪.১ থেকে ৪.৩)

(গ) মূল্যায়ন কাঠামো

ধারাবাহিক মূল্যায়ন	সামষ্টিক মূল্যায়ন
৩০%	৭০%

(ঘ) শিখনকলীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

শ্রেণি ও শ্রেণির বাহিরের শিক্ষার্থীর বিভিন্ন কাজের উপর ভিত্তি করে ধারাবাহিক মূল্যায়ন করা হবে।

আইটেমের নাম	নম্বর
<p>শ্রেণির কাজ/বইয়ের কাজ</p> <p>(সিলেবাসের অন্তর্ভুক্ত যেসব কাজ করানো হয়েছে এবং যেগুলো করানো হবে তা বিবেচনায় নিয়ে নম্বর প্রদান করবেন)</p> <p>নমুনা: মানচিত্রের সাহায্য নিয়ে বিভিন্ন দেশের অক্ষাংশ-দ্রাঘিমাংশ বের করা। (অনুশীলন বই, পৃষ্ঠা -০৬)</p>	১০
<p>বাড়ির কাজ/ অ্যাসাইনমেন্ট/প্রজেক্ট</p> <p>(সিলেবাসের অন্তর্ভুক্ত একটি কাজ করিয়ে নম্বর প্রদান করবেন)</p> <p>নমুনা: সারা বছর সূর্যের আলো পৃথিবীতে কীভাবে পড়ে তা পর্যবেক্ষণের জন্য কাগজের বাক্স তৈরি (অনুশীলন বই, পৃষ্ঠা ২৭ - ২৮)</p>	১০
<p>ব্যাবহারিক কাজ (পরীক্ষণ সংক্রান্ত)</p> <p>(সিলেবাসের অন্তর্ভুক্ত একটি ব্যাবহারিক কাজ করিয়ে নম্বর প্রদান করবেন)</p> <p>নমুনা: রাসায়নিক শক্তি থেকে বিদ্যুৎ শক্তি উৎপাদন সংক্রান্ত পরীক্ষণ (অনুশীলন বই, পৃষ্ঠা ৮৩ - ৮৪)</p>	১০
মোট নম্বর	৩০

(ঙ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

বিভাগ	আইটেমের নাম	প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা	উত্তর দিতে হবে	প্রতিটি প্রশ্নের মান	মোট নম্বর	সময়	
ক	নৈর্ব্যক্তিক প্রশ্ন	বহুনির্বাচনি প্রশ্ন	১৫	১৫	১	১×১৫=১৫	৩ ঘণ্টা
		এক কথায় উত্তর	১০	১০	১	১×১০=১০	
খ	সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন	১০	১০	২	২×১০=২০		
গ	রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)	৫	৩	৫	৫×৩=১৫		
ঘ	রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে	৭	৫	৮	৮×৫=৪০		
মোট					১০০		

সামষ্টিক মূল্যায়নে ১০০ নম্বরের মধ্যে পরীক্ষা নিয়ে প্রাপ্ত নম্বরকে ৭০ এর মধ্যে প্রাপ্ত নম্বরে রূপান্তর করতে হবে।

(চ) এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন।

কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র ছবুছ ব্যবহার করা যাবে না।

শ্রেণি: অষ্টম

বিষয়: বিজ্ঞান

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ১০০

ক বিভাগ- (নৈর্ব্যক্তিক প্রশ্ন)

(পূর্ণমান ২৫, প্রতিটি প্রশ্নের মান ১, সঠিক উত্তরটি খাতায় লিখ)

(বহুনির্বাচনি প্রশ্ন ১৫টি এবং এক কথায় উত্তর ১০টি)

বহুনির্বাচনি প্রশ্ন

১. কোনটি দ্বিবীজপত্রী উদ্ভিদ?

ক. ধান খ. কচু গ. কলা ঘ. ধুতুরা

২. হাইড্রোজেনের আইসোটোপ ট্রিটিয়ামের নিউট্রন সংখ্যা কত?

ক. ৪ খ. ৩ গ. ২ ঘ. ১

৩. কার্বন ডাই অক্সাইডের যৌগে কার্বনের যোজনী কত?

ক. ২ খ. ৪ গ. ৬ ঘ. ১২

৪. কোন তারিখে পৃথিবী, সূর্যের সবচেয়ে নিকটে থাকে ?

ক. ২২ ডিসেম্বর খ. ৩ জানুয়ারি গ. ২১ মার্চ ঘ. ২১ জুন

৫. একজন ৭০ kg ভরের মানুষ ৫০ kg ভরের বস্তা নিয়ে ২ m/s বেগে দৌড়াচ্ছে। তার গতিশক্তি কত?

ক. ৪৪০J খ. ৩৪০J গ. ২৪০J ঘ. ১৪০J



বিক্রিয়াটির আলোকে নিচের ৬ ও ৭ নম্বর প্রশ্নের উত্তর দাও।

৬. বিক্রিয়াটি কোন ধরনের?

ক. সংযোজন খ. বিয়োজন গ. প্রতিস্থাপন ঘ. প্রশমন


৭. উৎপন্ন পদার্থ 'A' এর সংকেত কোনটি?

ক. MgNO_3 খ. $\text{Mg}(\text{NO}_3)_2$ গ. Mg_2NO_3 ঘ. $\text{Mg}_3(\text{NO}_3)_2$

৮. মিয়োসিস কোষ বিভাজনের কোন ধাপে একটি মাতৃকোষ দুটি অপত্য কোষে বিভক্ত হয়?

ক. মেটাফেজ-১ খ. মেটাফেজ-২ গ. প্রফেজ-১ ঘ. প্রফেজ-২

৯.



লেখচিত্রে সময়ের সাথে একটি গাড়ির বেগের পরিবর্তন দেখানো হয়েছে। ১০s থেকে ২০s পর্যন্ত গাড়িটির ত্বরণ কত m/s^2 ?

ক. ০ খ. ০.৫ গ. ৫ ঘ. ১০

১০. পৃথিবীর কোন অঞ্চলে সূর্যের তাপ প্রবলভাবে পড়ে?

ক. মেরু খ. মকরক্রান্তীয় গ. কর্কটক্রান্তীয় ঘ. বিষুবীয়

১১. একক সময়ে কোনো বস্তুর বেগের বৃদ্ধিকে বলে -।

ক. সরণ খ. ত্বরণ গ. মন্দন ঘ. বিভব

১২. বল ও সরণের সম্পর্কিত করে কাজের গাণিতিক সমীকরণ কোনটি?

ক. $v = u + at$ খ. $v^2 = u^2 + 2as$ গ. $w = fs$ ঘ. $E = mgh$

১৩. কোনো মৌলের দুটি আইসোটোপের নিউক্লিয়াসে কোন মৌলিক কনিকা সমান থাকে?

ক. প্রোটন খ. নিউট্রন গ. ইলেকট্রন ঘ. মেসন

১৪. মানুষের প্রতিটি দেহকোষে ক্রোমোজমের সংখ্যা কত?

ক. ২৩টি খ. ২৩ জোড়া গ. অসংখ্য ঘ. ২টি

১৫. জাইলেম ও ফ্লোয়েমের মধ্যবর্তী টিস্যুকে কী বলে?

ক. কোলেনকাইমা খ. ক্যাম্বিয়াম গ. স্কেলরেনকাইমা ঘ. প্যারেনকাইমা

এক কথায় উত্তর

১৬. ধাতুর সাথে অ্যাসিডের বিক্রিয়ায় কোন গ্যাস উৎপন্ন হয়?

১৭. চন্দ্রগ্রহণের সময়ে সূর্য ও চাঁদের সাপেক্ষে পৃথিবীর অবস্থান কোথায়?

১৮. যে বিক্রিয়ায় দুই বা ততোধিক বিক্রিয়ক একত্রিত হয়ে একটি নতুন বিক্রিয়াজাত পদার্থ তৈরি করে তাকে কী বলে?

১৯. কার্বোনেট লবণের সাথে অ্যাসিডের বিক্রিয়ায় কোন গ্যাস উৎপন্ন হয়?

২০. যেসব উদ্ভিদের গর্ভাশয় থাকে না তাদেরকে কোন ধরনের উদ্ভিদ বলে?

২১. কোন স্তন্যপায়ী প্রাণী ডিম পারে?

২২. পৃথিবীর মানচিত্রে বাংলাদেশ বিষুব রেখার কোন দিকে অবস্থিত?

২৩. পরমাণুতে চৌম্বক ক্ষেত্র উৎপন্ন হওয়ার মূল কারণ কী?

২৪. অনিয়ন্ত্রিত কোষ বিভাজনের ফলে কোন রোগের সৃষ্টি হয়?

২৫. পরমাণুর তৃতীয় কক্ষপথে সর্বাধিক কতটি ইলেকট্রন থাকতে পারে?

খ- বিভাগ (সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন)

(পূর্ণমান ২০, ১০টি প্রশ্ন, প্রতিটি প্রশ্নের মান ২)

১. সমদ্রুতিতে বৃত্তাকার পথে ঘূর্ণায়মান কোনো বস্তুর ত্বরণ ব্যাখ্যা করো।

২. প্রস্বেদন উদ্ভিদের একটি অত্যাবশ্যকীয় প্রক্রিয়া-ব্যাখ্যা করো।

৩. ক্যাটায়ন বা ধনাত্মক আয়ন সৃষ্টির প্রক্রিয়া উদাহরণসহ বুঝিয়ে লেখ।

৪. আন্তর্জাতিক তারিখ রেখা বলতে কী বুঝ?

৫. একটি বৈদ্যুতিক বাতির ক্ষমতা ১৫ ওয়াট বলতে কী বুঝায়?

৬. সমান্তরাল উদ্ভিদ বলতে কী বুঝ? তাদের একটি বৈশিষ্ট্য লিখ।

৭. একটি উদাহরণসহ দহন বিক্রিয়া ব্যাখ্যা করো।

৮. চিত্রসহ বলয় সূর্যগ্রহণ ব্যাখ্যা করো।

৯. পৃথিবী পৃষ্ঠে একক ভরের একটি বস্তুর ওজন ৯.৮ নিউটন-বুঝিয়ে লিখ।

১০. ধাপের নাম উল্লেখসহ কোষচক্রের ধারণা ব্যাখ্যা করো।

গ- বিভাগ (দৃশ্যপটবিহীন বিশ্লেষণধর্মী রচনামূলক প্রশ্ন)
(৫টি প্রশ্ন থেকে ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে, প্রতিটি প্রশ্নের মান ৫)


১. মাইটোসিস কোষ বিভাজনের বিভিন্ন ধাপ একটি চিত্রের মাধ্যমে প্রকাশ করো।
২. পরমাণুর ইলেকট্রন বিন্যাসের ক্ষেত্রে $2n^2$ সূত্রের নিয়মাবলি লিখ। এই সূত্রের আলোকে সোডিয়াম (১১) পরমাণুর ইলেকট্রন বিন্যাস করো।
৩. সময় রাশি (t) বিহীন গতির সমীকরণ প্রতিপাদন করো।
৪. একটি উভলিঙ্গ ফুলের বিভিন্ন অংশ চিহ্নিত করাসহ চিত্র অংকন করো।
৫. অ্যানালেমা কী? অ্যানালেমার আকৃতি ইংরেজি আট (৪) এর ন্যায় কেন?

ঘ- বিভাগ (দৃশ্যপটনির্ভর বিশ্লেষণধর্মী রচনামূলক প্রশ্ন)

(৭টি প্রশ্ন থেকে ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে, প্রতিটি প্রশ্নের মান ৮, তবে একটি প্রশ্ন দুইভাগে ভাগ করা যেতে পারে, প্রশ্নের মান ডানপাশে দেয়া আছে। নমুনা হিসেবে ৫টি প্রশ্ন দেয়া আছে।)

১. তোমরা অষ্টম শ্রেণির চার বন্ধু মিলে ঠিক করলে, বিদ্যালয়ে টবে একটি মরিচ গাছ রোপন করবে। গাছ রোপন ও পরিচর্যা করার জন্য বন্ধুদের দায়িত্ব বণ্টনসহ একটি পরিকল্পনা প্রণয়ন করো। কোনো বন্ধুর দায়িত্ব পালনে অবহেলা করলে যেসব সমস্যা হতে পারে তা বুঝিয়ে লিখ। ০৮
২. দুই বন্ধু একটি খেলায় অংশগ্রহণ করে। একজন নির্দিষ্ট দিকে দৌড় দেয় এবং অপরজন সময় পরিমাপ করে। তাদের একজনের 5 সেকেন্ড, 10 সেকেন্ড, 15 সেকেন্ড, 20 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব যথাক্রমে 60 মিটার, 100 মিটার, 140 মিটার ও 250 মিটার।
 - ক. উপরের তথ্য থেকে সময়ের বিপরীতে অতিক্রান্ত দূরত্বের লেখচিত্র অংকন করো। ০৪
 - খ. ১০ থেকে ১৫ সেকেন্ডের মধ্যে দৌড়ানো বন্ধুর গতিবেগ নির্ণয় করো। ০৪
৩. $2\text{NaI} = 2\text{Na} + \text{I}_2$
যেখানে,
Na এর পারমাণবিক সংখ্যা = 11 এবং ভর সংখ্যা = 23
I এর পারমাণবিক সংখ্যা = 53 এবং ভর সংখ্যা = 131
ক. দৃশ্যপটের প্রচলিত আইসোটোপকে প্রতীক, পারমাণবিক সংখ্যা ও ভর সংখ্যার সাহায্যে প্রকাশ করে মানব কল্যাণে তার ব্যবহার লিখ। ০৩
খ. বিক্রিয়াটির ধরন ব্যাখ্যা করে দেখাও যে এই বিক্রিয়া ভরের সংরক্ষণ নীতি অনুসরণ করে। ০৫

8.



চিত্রে পূর্ব থেকে পশ্চিম দিকে এবং উত্তর থেকে দক্ষিণ দিকে কিছু রেখা অংকন করা আছে।

ক. চিত্রে বাংলাদেশের উপর দিয়ে অতিক্রমকারী অক্ষরেখা ও দ্রাঘিমা রেখার সংখ্যা উল্লেখ করে তা ব্যাখ্যা করো। ০৪

খ. বাংলাদেশের কেন্দ্র দিয়ে অতিক্রমকারী অক্ষরেখা ও দ্রাঘিমা রেখার সংযোগ বিন্দুর অক্ষাংশ ও দ্রাঘিমাংশ লিখ। ০৪

৫. করিম সাহেব একটি ফলের গাছ রোপন করলেন। কিছুদিন পরে গাছে ফল ধরে, কিন্তু ফলের বীজ দেখা যায় না।

ফল কেটে বীজ বের করে দেখলেন সহজে এটাকে সমান দুই অংশে ভাগ করা যায়।

ক. করিম সাহেব যে গাছ রোপন করেছিলেন সে শ্রেণির দু'টি ফলের নাম লিখ। ০২

খ. করিম সাহেবের গাছের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো। ০৬

৬.

৭.

(ছ) নৈর্বাণিক প্রশ্ন অংশের (২৫টির) উত্তর

বহুনির্বাচনি প্রশ্ন			এক কথায় উত্তর	
১. ধুতুরা	৬. প্রতিস্থাপন	১১. ত্বরণ	১৬. হাইড্রোজেন	২১. প্লাটিনাম
২. ২	৭. $Mg(NO_3)_2$	১২. $w = fs$	১৭. সূর্য ও চাঁদের মধ্যবর্তী স্থানে	২২. উত্তর দিকে
৩. ৪	৮. প্রফেজ-২	১৩. প্রোটন	১৮. সংযোজন বিক্রিয়া	২৩. ইলেকট্রনের ঘূর্ণন
৪. ৩ জানুয়ারি	৯. ০	১৪. ২৩ জোড়া	১৯. কার্বনডাই অক্সাইড	২৪. ক্যান্সার
৫. 240J	১০. বিষুবীয়	১৫. ক্যাশিয়াম	২০. নগ্নবীজী উদ্ভিদ	২৫. ১৮টি

(জ) মূল্যায়ন রুব্রিক্স

খ- বিভাগ (সংক্ষিপ্ত প্রশ্ন)

১. সমদ্রুতিতে বৃত্তাকার পথে ঘূর্ণায়মান কোনো বস্তুর ত্বরণ ব্যাখ্যা করো।

০২

প্রশ্নের পরিচিতি	নম্বর প্রদান নির্দেশিকা	নম্বর
০১. সমদ্রুতিতে বৃত্তাকার পথে ঘূর্ণায়মান কোনো বস্তুর ত্বরণ ব্যাখ্যা করো।	ত্বরণের ধারণা লিখলে	০১
	ত্বরণের ধারণা ও ঘূর্ণায়মান বস্তুর ত্বরণের ব্যাখ্যা করলে	০২

গ- বিভাগ (প্রেক্ষাপটবিহীন রচনামূলক বিশ্লেষণধর্মী প্রশ্ন)

৩. সময় রাশি (t) বিহীন গতির সমীকরণ প্রতিপাদন করো।

০৫

প্রশ্নের পরিচিতি	নম্বর প্রদান নির্দেশিকা	নম্বর
০৩. সময় রাশি (t) বিহীন গতির সমীকরণ প্রতিপাদন করো।	গতি সংক্রান্ত রাশির পরিচিতি লিখলে	০১
	গতি সংক্রান্ত রাশির পরিচিতিসহ একটি গতির সমীকরণ লিখলে	০২
	গতি সংক্রান্ত রাশির পরিচিতিসহ দু'টি গতির সমীকরণ লিখলে	০৩
	গতি সংক্রান্ত রাশির পরিচিতিসহ দু'টি রাশি লেখা এবং প্রথম সমীকরণ বর্গ করলে	০৪
	গতি সংক্রান্ত রাশির পরিচিতিসহ দু'টি রাশি লেখা এবং প্রথম সমীকরণ বর্গ করে দ্বিতীয় সমীকরণের মান বসালে	০৫

ঘ- বিভাগ (প্রেক্ষাপটনির্ভর রচনামূলক বিশ্লেষণধর্মী প্রশ্ন)

৫. করিম সাহেব একটি ফলের গাছ রোপন করলেন। কিছুদিন পরে গাছে ফল ধরে, কিন্তু ফলের বীজ দেখা যায় না। ফল কেটে বীজ বের করে দেখলেন সহজে এটাকে সমান দুই অংশে ভাগ করা যায়।

ক. করিম সাহেব যে গাছ রোপন করেছিলেন সে শ্রেণির দু'টি ফলের নাম লিখ।

০২

খ. করিম সাহেবের গাছের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো।

০৬

প্রশ্নের পরিচিতি	নম্বর প্রদান নির্দেশিকা	নম্বর
৫(ক) করিম সাহেব যে গাছ রোপন করেছিলেন সে শ্রেণির দু'টি ফলের নাম লিখ।	যেকোনো একটি উদাহরণ লিখলে	০১
	দু'টি উদাহরণ লিখলে	০২
৫(খ) করিম সাহেবের গাছের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো।	সপুষ্পক, আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ ৩টি বিষয়ের যেকোনো ১টি শনাক্ত করলে	০১
	সপুষ্পক, আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ ৩টি বিষয়ের যেকোনো ১টি শনাক্ত করে বুঝিয়ে লিখলে। অথবা দু'টি বিষয় শনাক্ত করলে।	০২
	সপুষ্পক, আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ ৩টি বিষয়ের যেকোনো ২টি শনাক্ত করে ১টি বুঝিয়ে লিখলে। অথবা ৩টি বিষয় শনাক্ত করলে।	০৩
	সপুষ্পক, আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ ৩টি বিষয়ের যেকোনো ২টি শনাক্ত করে ২টি বুঝিয়ে লিখলে। অথবা ৩টি বিষয় শনাক্ত করে ১টি বুঝিয়ে লিখলে।	০৪
	সপুষ্পক, আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ ৩টি বিষয়ের ৩টি শনাক্ত করে যেকোনো ২টি বুঝিয়ে লিখলে।	০৫
	সপুষ্পক, আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ শনাক্ত করে ৩টিই বুঝিয়ে লিখলে।	০৬

শিখনকালীন ও বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪
বিষয়: ইতিহাস ও সামাজিক বিজ্ঞান
শ্রেণি: অষ্টম

(ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম

ক্রমিক নম্বর	অভিজ্ঞতার নাম	পৃষ্ঠা
০১	সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাস জানার উপায়	৪৮-৬২
০২	সামাজিকীকরণ, সামাজিক নিয়ন্ত্রণ ও সমাজ পরিবর্তন	৮৭-১০১
০৩	বিশ্ব প্রেক্ষাপটে সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাসের বৈচিত্র্যময় গতিপথ।	১০৯-১২৪
০৪	সুরক্ষিত রাখি প্রকৃতি ও মানুষের বন্ধন।	১২৫-১৫৯
০৫	সম্পদের উৎপাদন ও সমতার নীতি।	১৬০-১৭৯

(খ) মূল্যায়ন কাঠামো

শিখনকালীন মূল্যায়ন	সামষ্টিক মূল্যায়ন
৩০%	৭০%

(গ) প্রশ্নের ধারা ও মানবন্টন (i) সামষ্টিক মূল্যায়ন

অভীক্ষার ধরন: লিখিত; পূর্ণনম্বর : ১০০

প্রশ্নের ধরন	প্রশ্নের সংখ্যা	মোট নম্বর	সময়
বহুনির্বাচনি প্রশ্ন (MCQ) ও এককথায় উত্তর (১৫+১০)=২৫	২৫টি	২৫	৩০ মিনিট
সংক্ষিপ্ত প্রশ্ন (Short question)	১০টি	১০×২=২০	২.৩০ মিনিট
রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) Essay type question (Without situational)	৩টি	৩×৫=১৫	
রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) Essay type question (situational) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে (৩+৫=৮)	৫টি	৫×৮=৪০	
মোট		১০০	৩ ঘন্টা

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

(ii) শিখনকালীন মূল্যায়ন

আইটেমের নাম (Item type)	নির্ধারিত নম্বর/ওয়েটেজ
অ্যাসাইনমেন্ট/ব্যবহারিক কাজ/ পোস্টার বা দেয়াল পত্রিকা (Assignment/Practical work): সংক্ষিপ্ত পাঠ্যসূচির যেকোন শিখন অভিজ্ঞতা থেকে শ্রেণিশিক্ষক তার পছন্দ অনুসারে বাছাই করে দিতে পারেন অথবা শিক্ষক সহায়িকা অনুসরণ করে নিজে শিক্ষার্থীদের নির্দেশনা দিতে পারেন। এই কাজটি করার জন্য পাঠ্যবইয়ের ১৬৩ ও ১৬৪ পৃষ্ঠাসহ নির্ধারিত অভিজ্ঞতাগুলো অনুসরণ করা যেতে পারে।	১০
অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন উপস্থাপন (inventory work, project proposal, report presentation) এই কাজটি করার জন্য পাঠ্যবইয়ের ৫১পৃষ্ঠাসহ নির্ধারিত অভিজ্ঞতাগুলো অনুসরণ করা যেতে পারে।	১০
শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) এই কাজটি করার জন্য পাঠ্যবইয়ের ৪৮, ৬২, ১০০ ও ১০১ পৃষ্ঠাসহ নির্ধারিত অভিজ্ঞতাগুলো অনুসরণ করা যেতে পারে।	১০

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই প্রশ্নপত্রের আলোকে এই বিষয়ে আপনি স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন।

কোনক্রমেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

ইতিহাস ও সামাজিক বিজ্ঞান

৮ম শ্রেণি

বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ১৫

১. মানুষের সমাজ ও সংস্কৃতির গঠন ও রূপান্তরের আরও তথ্য কিভাবে জানা যায়?

- ক) তাম্র শাসন থেকে
খ) আরবদের বর্ণনা থেকে
গ) গ্রীক রোমানদের বর্ণনা থেকে
ঘ) চৈনিকদের বর্ণনা থেকে

২. প্রত্নতাত্ত্বিক উৎস নয় কোনটি?

- ক) শিলালিপি
খ) চর্চাপদ
গ) তাম্রশাসন
ঘ) টেরাকোটা

৩. নিচের কোনগুলো সামাজিক-সাংস্কৃতিক ইতিহাসের উৎস?

- ক) ভাস্কর্য, তাম্রশাসন, চর্চাপদ
খ) মৃৎপাত্র, পোড়ামাটির ফলক, শিলালিপি
গ) চন্দ্রকতুগড়, পান্ডুলিপি, আইনশাস্ত্র
ঘ) তাম্রশাসন, টেরাকোটা, সমরন্দ

৪. গঙ্গারিডাই রাজ্য ছিল-

- ক) পদ্মানদীর পার্শ্ববর্তী ভূ-ভাগ
খ) ভাগীরথী নদীর পশ্চিম তীরবর্তী অঞ্চল
গ) গঙ্গানদীর দুটি স্রোতধারার মধ্যবর্তী ভূ-ভাগ
ঘ) গঙ্গানদীর পার্শ্ববর্তী ভূ-ভাগ

নিচের প্রেক্ষাপটটি পড় এবং ৫ নং প্রশ্নের উত্তর দাও।

সৌরভ ৮ম শ্রেণির ছাত্র। সে তার ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বই পড়ে জানতে পারলো- যুক্তরাষ্ট্রের একজন বিখ্যাত মানবতাবাদী নেতা সারাজীবন বর্ণবৈষম্যের বিরুদ্ধে লড়াই করে গিয়েছেন। সে আরো জানলো, তিনি এই লড়াইয়ের ধারণা পেয়েছিলেন ভারতীয় উপমহাদেশের একজন বিখ্যাত রাজনীতিবিদের থেকে।

৫. প্রেক্ষাপটে ভারতীয় উপমহাদেশের বিখ্যাত রাজনীতিবিদ কে ছিলেন?

- ক) তিতুমীর
খ) মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী
গ) শেরে বাংলা এ. কে. ফজলুল হক
ঘ) মহাত্মা গান্ধী

৬. মিশরীয় সমাজে উচ্চ শ্রেণিতে অবস্থান করতেন কারা?

- ক) পুরোহিত খ) বণিক
গ) কারিগর ঘ) কৃষক

৭. নারীদের অত্যন্ত সীমিত অধিকার ছিল কোন সভ্যতায়?

- ক) মিশরীয় ও এসেরীয়
খ) ক্যালডীয় ও মিশরীয়
গ) ব্যাবিলনীয় ও ক্যালডীয়
ঘ) সুমেরীয় ও মিশরীয়

৮. সামিন ডকুমেন্টরি জার্নাল পড়ে জানতে পারল পৃথিবীতে এমন একটি বায়োম আছে যেখানে স্থায়ীভাবে হিমায়িত মাটির স্তর বিদ্যমান। সামিনের জানা বায়োমটি –

- ক) নিরক্ষীয় ও ক্রান্তীয় চিরহরিৎ বায়োম
খ) তৈগা বায়োম
গ) তৃণভূমি বায়োম
ঘ) তুন্দ্রা বায়োম

৯. ডাউকি ফন্টের বৈশিষ্ট্য কোনটি?

- ক) ভূমিক্ষেত্রের মত দুর্যোগ বেড়েছে
খ) বাংলাদেশ ভূমিকম্পের ঝুঁকিতে আছে
গ) পানির স্বাভাবিক প্রবাহ বাধাগ্রস্ত হচ্ছে
ঘ) আর্সেনিক দূষণের মতো সমস্যা বৃদ্ধি পাচ্ছে

১০. ৮ম শ্রেণির শিক্ষার্থীরা দেশের দক্ষিণ-পূর্ব অংশে শিক্ষা সফরে গিয়ে দেখল সেখানে বন থেকে আহরিত উদ্ভিদের উপর ভিত্তি করে একটি কাগজের মিল প্রতিষ্ঠিত হয়েছে।

কাগজ মিলটির কাঁচামাল-

- ক) বাঁশ খ) সেগুন গাছ গ) জারুল গাছ ঘ) চাঁপালিশ গাছ

নিচের প্রেক্ষাপটটি লক্ষ কর এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:

বায়োম	অবস্থান
A	৫০° থেকে ৭০° অক্ষাংশ
B	উত্তর গোলার্ধের ১০° থেকে ২০° অক্ষাংশ
C	বিশুব রেখার উত্তর বা দক্ষিণে ১০° অক্ষাংশ

<p>১১. প্রেক্ষাপটে A চিহ্নিত বায়োমটির গড় বৃষ্টিপাত কত? ক) ২০-২৫ সে:মি: খ) ৩০-৫০ সে:মি: গ) ৭৫ সে:মি: ঘ) ২০০ সে:মি:</p> <p>১২. প্রেক্ষাপটে B ও C বায়োম দুটির বৈশিষ্ট্য- ক) জিরো ফাইটিক শ্রেণির উদ্ভিদ জন্মায় খ) বসবাসকারী প্রাণীদের ত্বকের নিচে পুরু চর্বি স্তর থাকে গ) নিরক্ষীয় ক্রান্তীয়, নাতিশীতোষ্ণ অঞ্চলে বিস্তৃত ঘ) এখানে সরলবর্গীয় বৃক্ষের সমাহার আছে</p> <p>১৩. গাছপালা বায়ুমণ্ডলে যতটুকু কার্বন ডাই অক্সাইড ছেড়ে দেয় তার চেয়ে বেশি পরিমাণে শোষণ করাই হলো --- ক) কার্বন সিঙ্ক খ) হ্যালো ফাইট গ) হাইড্রোথার্মাল ভেন্ট ডিপোজিট ঘ) এস ও ডি</p>	<p>১৪. তুন্দ্রা বায়োম এর বৈশিষ্ট্য হলো - ক) বৃষ্টিপাত বেশি, জটিল ও বৈচিত্র্যময় বাস্তুতন্ত্র খ) সতেজ, প্রাণবন্ত, বৃষ্টিপাত যুক্ত গ) শুষ্কো, বৃষ্টিপাত কম, রাত দিনের তাপমাত্রার পার্থক্য বেশি। ঘ) তাপমাত্রা কম, শীতকাল দীর্ঘ, জীবের উৎপাদন কাল সংক্ষিপ্ত</p> <p>১৫. বৈষম্য দূর করার জন্য প্রতিটি মানুষকে ----- গ্রহণের সমান সুযোগ প্রদান করতে হবে। ক) পণ্য বা সেবা খ) ভোক্তার স্বাধীনতা গ) মুনাফা ঘ) ব্যবসা</p>
---	---

এক কথায় উত্তর দাও।

প্রশ্ন -১০ টি

পূর্ণমান: ১০

১. বাংলার প্রাচীনতম একটি সমুদ্র বন্দরের নাম লিখ।
২. “যৌতুক বন্ধ করো” গল্পে কার বিয়ে ঠিক হয়েছিল?
৩. শিল্প বিপ্লবের সূচনা হয় কোথায়?
৪. সরকারের অঙ্গ বা বিভাগ কয়টি?
৫. ৩৬৫ দিনে বছর গণনা শুরু হয় কোন সভ্যতায়?
৬. ভাস্কো দা গামা কে ছিলেন?
৭. বঙ্গোপসাগরের কোল ঘেঁষে বাংলাদেশের উপকূলীয় তট রেখার দৈর্ঘ্য কত কিলোমিটার?
৮. এক নটিক্যাল মাইল সমান কত মিটার?
৯. বর্তমানে সুন্দরবনে কত প্রজাতির মাছ পাওয়া যায়?
১০. বাংলাদেশের মোট বনভূমির পরিমাণ কত শতাংশ?

সংক্ষিপ্ত প্রশ্ন:
(পূর্ণমান-২০)

- ১। সামাজিক ইতিহাস কী? সামাজিক ইতিহাসের একটি উৎসের নাম লিখ।
- ২। সামাজিক নিয়ন্ত্রণ বলতে কি বুঝায়?
- ৩। হায়ারোগ্লিফিক্স কী?
- ৪। রেনেসাঁ কী?
- ৫। বাংলাদেশের উপকূলীয় তটরেখা সুনীল অর্থনীতির অন্তর্ভুক্ত কেন?
- ৬। বাস্তবতন্ত্রের ভারসাম্য রক্ষায় বনভূমি প্রয়োজন কেন?
- ৭। বাংলাদেশের মধ্য ও উত্তর-পূর্বাঞ্চলের বনভূমি কী নামে পরিচিত?
- ৮। বাংলাদেশের চট্টগ্রাম ও পার্বত্য জেলাসমূহে সাম্প্রতিক বছরগুলোতে কোন ধরনের দুর্ঘটনার প্রকোপ বৃদ্ধি পেয়েছে?
- ৯। মিশ্র অর্থব্যবস্থা বলতে কী বুঝায়?
- ১০। অর্থনীতির পরিভাষায় নির্বাচন বলতে কী বুঝায়?

রচনামূলক প্রশ্ন: (প্রেক্ষাপটবিহীন)

ক-বিভাগ

(পূর্ণমান-১৫)

- ১। প্রত্নতাত্ত্বিক উৎস বা উপাদান থেকে কীভাবে ইতিহাস জানা যায়? বর্ণনা কর।
- ২। সুমেরীয় সভ্যতাকে মেসোপটেমিয়া সভ্যতার অগ্রদূত বলা হয়- বর্ণনা কর।
- ৩। বাংলাদেশের সুনীল অর্থনীতির উল্লেখযোগ্য দিক হিসেবে অ্যাকুয়া কালচারের গুরুত্ব লিখ।

রচনামূলক প্রশ্ন: (প্রেক্ষাপট নির্ভর)

খ-বিভাগ

(পূর্ণমান-৪০)

[পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে। (ক) ৩+(খ) ৫=৮]

১। প্রেক্ষাপট -১: অষ্টম শ্রেণির শিক্ষার্থীরা জাতীয় জাদুঘর পরিদর্শনে গিয়ে এক ধরনের প্রত্ননিদর্শন দেখলো, যেগুলো মাটি পুড়িয়ে তৈরি করা হয়েছে।

প্রেক্ষাপট -২: নাফিজা টেলিভিশনে একটি প্রতিবেদন দেখল, আফ্রিকা মহাদেশের উত্তর-পূর্ব-দিকে প্রায় ৫০০০ বছর পূর্বে একটি সভ্যতার উদ্ভব হয়। সেখানে জ্ঞান -বিজ্ঞান ও মানব সভ্যতার ইতিহাসে লিপির উদ্ভাবন ঘটে।

ক) শিক্ষার্থীদের দেখা প্রত্ননিদর্শনে কী ধরনের সৃষ্টিশীল চিন্তা ফুটে উঠেছে? বর্ণনা কর।

খ) নাফিজার দৃশ্যমান সভ্যতায় শুধু জ্ঞান নয় নারীদের মর্যাদাও ছিল উচ্চমানে- বর্ণনা কর।

২। প্রেক্ষাপট -১: খালেক স্যার শ্রেণিকক্ষে প্রত্নতাত্ত্বিক উপাদানের উপর পাঠদান কালে শিক্ষার্থীদের বললেন, প্রাচীনকালে ভূমি বেচাকেনার ক্ষেত্রে বিশেষ ধরনের উপাদান ব্যবহার করা হতো।

প্রেক্ষাপট -২: জনাব 'X' একটি প্রতিষ্ঠানে কর্মরত। কিন্তু তিনি ঠিক সময়ে অফিসে আসেন না। একপর্যায়ে তিনি অফিসে বড় ধরনের দুর্নীতির সাথে জড়িয়ে পড়েন।

ক) প্রেক্ষাপটে খালেক স্যারের আলোচ্য উপাদানের বর্ণনা দাও।

খ) প্রেক্ষাপটে জনাব 'X' এর আচরণ শুধুই কী নিয়ন্ত্রণযোগ্য? মতামত দাও।

৩. প্রেক্ষাপট -১:

পর্যটক	উদ্দেশ্য
X	একটি ধর্ম সম্পর্কে জ্ঞান লাভের জন্য

প্রেক্ষাপট -২:

বিপ্লব	সময়কাল
P	অষ্টাদশ শতকের মধ্যভাগ
Q	গত শতাব্দীর শেষ দশক

ক) প্রেক্ষাপট-১ এ উল্লিখিত পর্যটকগণের বাংলা অঞ্চলে আসার কারণ বর্ণনা কর।

খ) প্রেক্ষাপট -২ এ P বিপ্লবে যন্ত্রের ব্যবহার শুরু হলেও Q বিপ্লবটি গোটা পৃথিবীকে একটা গ্রামে পরিণত করেছে- যুক্তি সহকারে মতামত দাও।

৪. প্রেক্ষাপট -১: বাংলাদেশে বসবাসরত আশিক চীন দেশে ভ্রমণে গিয়ে দেখল তার দেশ ও ভ্রমণরত দেশের মানুষের আচরণগত পার্থক্য ব্যাপক।

প্রেক্ষাপট -২: সাকলাইনের বাসায় কেউ বেড়াতে এলে সে সালাম দিয়ে কুশল জিজ্ঞাসা করে এবং তাদের সামনে নাস্তা পরিবেশন করে থাকে।

ক) আসিফের ভ্রমণরত দেশের সাথে নিজ দেশের আচরণগত পার্থক্যের কারণ বর্ণনা কর।

খ) সাকলাইনের আচরণ সামাজিকীকরণের কোন মাধ্যমের বহিঃপ্রকাশ? বর্ণনা কর।

৫. প্রেক্ষাপট -১:

বায়োম	বৈশিষ্ট্য
A	প্রচুর বৃষ্টিপাত, পৃথিবীর ফুসফুস বলা হয়।
B	কম বৃষ্টিপাত, স্থায়ী কোনো জলধারা নেই

প্রেক্ষাপট -২:

অষ্টম শ্রেণির শিক্ষার্থী ফয়সাল পহেলা বৈশাখ উপলক্ষে বন্ধুদের কার্ড উপহার দিবে। এজন্য সে ১৫০০ টাকা জমিয়ে বাজারে গেল। সেখানে সে দেখলো কাগজের ধরনভেদে মূল্য ১০/১৫ টাকা। অন্যদিকে রং পেন্সিল বক্সে পেন্সিল অনুপাতে ২০০/২৫০ টাকা। ফয়সাল কে ১৫০০ টাকা দিয়ে ১০০ জন বন্ধুর কার্ড বানাতে হবে।

ক) প্রেক্ষাপটে উল্লিখিত A ও B বায়োম দুটির উদ্ভিদরাজির মধ্যে তুলনামূলক সাদৃশ্য-বৈসাদৃশ্য ব্যাখ্যা কর।

খ) প্রেক্ষাপটে ফয়সালের সিদ্ধান্ত অর্থনীতির কেন্দ্রীয় সমস্যার মাধ্যমে সমাধান কর।

নমুনা প্রশ্নের আলোকে নমুনা উত্তর
ইতিহাস ও সামাজিক বিজ্ঞান
অষ্টম শ্রেণি
বহুনির্বাচনি (MCQ) এর উত্তর

প্রশ্ন নং	উত্তর	প্রশ্ন নং	উত্তর	প্রশ্ন নং	উত্তর
১	ক	৬	ক	১১	গ
২	খ	৭	ক	১২	গ
৩	খ	৮	ঘ	১৩	ক
৪	গ	৯	খ	১৪	ঘ
৫	ঘ	১০	ক	১৫	ক

এক কথায় উত্তর দাও ।

প্রশ্ন নং	উত্তর
১	তাম্রলিপ্তি
২	তারাবু
৩	ইংল্যান্ড
৪	তিনটি
৫	মিশর
৬	পর্তুগিজ
৭	৭১০
৮	১৮৫২
৯	১২০
১০	১৭.০৪

প্রেক্ষাপটনির্ভর রচনামূলক প্রশ্ন ১ নং এর ক নম্বর প্রদান রুব্রিক্স

প্রশ্ন নং	নম্বর	নম্বর প্রদানের নির্দেশিকা
প্রেক্ষাপটনির্ভর প্রশ্ন ১) ক. শিক্ষার্থীদের দেখা প্রত্ননিদর্শন কী ধরনের সৃষ্টিশীল চিত্রায় ফুটে উঠেছে তা বর্ণনা কর।	৩	প্রেক্ষাপটটি যথাযথভাবে বর্ণনা করতে পারলে
	২	প্রেক্ষাপটটি যথাযথভাবে বর্ণনা করতে পারলেও আংশিক অপূর্ণতা থাকলে
	১	প্রেক্ষাপটটি যথাযথভাবে বর্ণনা করতে পারলেও সংক্ষিপ্ত হলে
	০	প্রদত্ত প্রশ্নের উত্তর না লিখতে পারলে/অপ্রাসঙ্গিক/ভুল উত্তর লিখলে

স্বাস্থ্য সুরক্ষা
বার্ষিক মূল্যায়ন নির্দেশিকা'২০২৪
অষ্টম শ্রেণি

বার্ষিক মূল্যায়ন নির্দেশিকা'২০২৪

স্বাস্থ্য সুরক্ষা

শ্রেণি: ৮ম

ক. শিক্ষকদের জন্য প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা

- অষ্টম শ্রেণির সিলেবাসে বার্ষিক পরীক্ষার জন্য মোট ৮টি অভিজ্ঞতা থেকে ৬টি অভিজ্ঞতা রাখা হয়েছে।
- বার্ষিক পরীক্ষায় এই ৬টি অভিজ্ঞতা থেকে প্রশ্ন করতে হবে।
- শিখনকালীন মূল্যায়নে কাজের বিবরণে উদাহরণ হিসেবে শুধু ১টি করে কাজ উল্লেখ করা হয়েছে। এ ধরনের আরও অনেক কাজ পাঠ্য পুস্তকে আছে। সে সবগুলো কাজই সম্পন্ন করতে হবে এবং রেকর্ড সংরক্ষণ করতে হবে।
- খেলাধুলা ও শরীর চর্চা শিখনকালীন মূল্যায়নে ব্যবহারিক কাজে যুক্ত হবে।

খ. বার্ষিক পরীক্ষার সিলেবাস/পাঠ্যক্রম

ক্রম	অভিজ্ঞতার নম্বর	অভিজ্ঞতার নাম	পৃষ্ঠা নম্বর
১.	১ম	আমার স্বাস্থ্য, আমার সুরক্ষা	১-০৮
২.	২য়	নিরাপদ খাবার নিরাপদ জীবন	০৯-২৪
৩.	৩য়	শারীরিক ফিটনেস	২৫-৫৪
৪.	৪র্থ	আমার আত্মবিশ্বাস আমার পাথেয়	৫৫-৭০
৫.	৫ম	কৈশোরের কথামালা	৭১-৮৬
৬.	৬ষ্ঠ	রোগব্যাধিকে সঠিকভাবে জানি, সুস্থ থাকার নিয়ম মানি	৮৭-৯৪

গ. মূল্যায়ন কাঠামো

শিখনকালীন	সামষ্টিক
৩০%	৭০%

ঘ. শিখনকালীন মূল্যায়ন: কাজের বিবরণ ও নম্বরবন্টন

কাজের বিবরণে উদাহরণ হিসেবে ১টি করে কাজ উল্লেখ করা হয়েছে। এ ধরনের আরও অনেক কাজ পাঠ্য পুস্তকে আছে। সেগুলো সম্পন্ন করতে হবে এবং রেকর্ড সংরক্ষণ করতে হবে।

আইটেমের নাম	কাজের বিবরণ	পৃষ্ঠা নম্বর ও অভিজ্ঞতার নাম	নির্ধারিত নম্বর
শ্রেণির কাজ: পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ,	চ্যালেঞ্জ মোকাবিলার কৌশল ছক পূরণ	পৃষ্ঠা-৮০ (কৈশোরের কথামালা)	১৫
অ্যাসাইনমেন্ট/ব্যবহারিক কাজ	শারীরিক ফিটনেসের জন্য বিভিন্ন ধরনের শরীর চর্চা ও যোগ ব্যায়াম অনুশীলন	পৃষ্ঠা-৩৮-৪২ (শারীরিক ফিটনেস)	১০
অনুসন্ধানমূলক কাজ/ প্রতিবেদন উপস্থাপন	সংক্রামক ও অসংক্রামক রোগ সচেতনতা জরিপ-	পৃষ্ঠা-৯০ (রোগব্যাধিকে সঠিকভাবে জানি, সুস্থ থাকার নিয়ম মানি)	৫
মোট			৩০

ঙ. সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবন্টন

আইটেমের নাম	বিবরণ	মোট প্রশ্ন সংখ্যা	যে কটি প্রশ্নের উত্তর দিতে হবে	নম্বর বিভাজন	মোট নম্বর	সময়
নৈর্ব্যক্তিক প্রশ্ন	বহুনির্বাচনি প্রশ্ন (সাধারণ, বহুপদী সমাপ্তিসূচক, অভিন্ন তথ্যভিত্তিক)	১৫	১৫	১×১৫=১৫	২৫	৩ ঘন্টা
	এক কথায় উত্তর	১০	১০	১×১০=১০		
সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন		১০	১০	২×১০=২০	২০	
রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)		৫	৩	৫×৩=১৫	১৫	
রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি প্রশ্নের বিপরীতে ২টি অংশ থাকবে।		৭	৫	৮×৫=৪০	৪০	
মোট					১০০	৩ ঘন্টা

*১০০ নম্বরের মধ্যে পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

চ. প্রশ্নের ধারা ও মানবন্টন অনুযায়ী একটি নমুনা প্রশ্নপত্র অপর পৃষ্ঠায় দেওয়া হলো :

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

স্বাস্থ্য সুরক্ষা

৮ম শ্রেণি

পূর্ণমান-১০০

সময়-৩ ঘন্টা

ক. নৈর্বা্যক্তিক প্রশ্ন

বহুনির্বাচনি প্রশ্ন:

(১×১৫=১৫)

১. নিচের কোনটি সংক্রামক রোগ?
 - ক. ক্যান্সার
 - খ. ডায়াবেটিক
 - গ. হৃদরোগ
 - ঘ. খোসপাঁচড়া

২. কোনটি মজার ব্যায়াম?
 - ক. বৃক্ষাসন
 - খ. প্রজাপতি সাঁতার
 - গ. বানি হপস
 - ঘ. সমাসন

৩. নিচের কোনটি নিরাপদ খাবার?
 - ক. ফাঞ্জাসযুক্ত পাউরুটি
 - খ. দুর্গন্ধযুক্ত খাবার
 - গ. সম্পূর্ণ সিদ্ধ মাংস
 - ঘ. খোলা খাবার

৪. নিচের কোনটি শক্তি বৃদ্ধির ব্যায়াম?
 - ক. স্কিপিং
 - খ. পুশ আপ
 - গ. দৌড়
 - ঘ. সিট আপ

নিচের দৃশ্যপটটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:

৮ম শ্রেণির ছাত্রী নিপা। সারাদিন সে নিজের ঘরে আনমনা হয়ে বসে থাকে। সে ঠিকমত খাওয়া দাওয়া করে না। ফলে বেশিরভাগ সময়ে সে দুর্বলতা, ক্লান্তি এবং অবসাদ অনুভব করে।

৫. নিপার সমস্যাটির কারণ কি হতে পারে?

- ক. পিসিওএস
- খ. মেনোরিজিয়া
- গ. এন্ডোমেট্রিওসিস
- ঘ. ওভুলেশন

৬. এ সময়ে নিপাকে যা মোকাবিলা করতে হতে পারে-

- i মুড সুইং
- ii ভয় ও উৎকর্ষা
- iii মুখের ব্রণ

নিচের কোনটি সঠিক ?

- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

৭. নিচের কোনটি দৈনন্দিন জীবনে ভালো থাকার জন্য সহায়ক হতে পারে?

- ক. যথাসম্ভব চুপচাপ থাকা
- খ. খেলাধুলা, আনন্দ, গল্প কম করা
- গ. সহপাঠীদের সাথে অভিজ্ঞতা বিনিময়
- ঘ. বন্ধুদের এড়িয়ে চলা

৮. নিচের কোনটি চিং সঁতার?



৯. 'বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ' এর ব্যবহৃত স্লোগান কোনটি?

- ক. নিরাপদ খাদ্য নিশ্চিত করি, সুস্থ সবল জীবন গড়ি
- খ. ভেজালমুক্ত খাবার, আমাদের সকলের অধিকার
- গ. সবাই মিলে হাত মেলাই নিরাপদ খাদ্য নিশ্চিত চাই
- ঘ. রোধ হবে খাবারের অপচয়, শেষার করে যদি খাওয়া হয়

১০. পলিসিষ্টিক ওভারিয়ান সিনড্রোম বা পিসিওএস সমস্যা সাধারণত কাদের ক্ষেত্রে দেখা যায়?

- ক. শিশুদের
- খ. কিশোরীদের
- গ. কিশোরদের
- ঘ. বয়স্কদের

১১. শাকসবজি কেটে ধুয়ে নিলে কী হয়?

- ক. খাবার নিরাপদ থাকে
- খ. মিনারেল বের হয়ে যায়
- গ. স্বাস্থ্যের জন্য ক্ষতিকর
- ঘ. পুষ্টিগুণ কমে যায়

১২. নিচের কোন ব্যায়ামটি করলে শরীর ও মনের অস্থিরতা কমে?

- ক. দম বৃদ্ধির ব্যায়াম
- খ. শক্তিবৃদ্ধির ব্যায়াম
- গ. যোগ ব্যায়াম
- ঘ. গতিবৃদ্ধির ব্যায়াম

১৩. স্বাস্থ্যকর পদ্ধতিতে খাবার তৈরি বা সংরক্ষণের ফলে-

- i খাবার রোগ জীবাণুমুক্ত থাকে
- ii খাদ্যের অপচয় রোধ করা যায়
- iii খাবারের পুষ্টিগুণ বজায় থাকে

নিচের কোনটি সঠিক ?

- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

১৪. অনিরাপদ খাবারের স্বল্পমেয়াদী প্রভাব কোনটি?

- ক. হৃদরোগ
- খ. এলার্জি
- গ. ডায়াবেটিস
- ঘ. ক্যান্সার

১৫. শারীরিক ফিটনেসের জন্য সবচেয়ে সেরা ব্যায়াম কোনটি?

- ক. সাঁতার
- খ. হাঁটা
- গ. সাইক্লিং
- ঘ. জগিং

এক কথায় উত্তর দাও:

(১×১০=১০)

১. বজ্রাসন কোন ধরনের ব্যায়াম?
২. আমাদের শরীর, মন এবং পারস্পরিক সম্পর্কগুলো নিয়ে ভালো থাকাকে কী বলে?
৩. মাছ-মাংস সঠিক তাপমাত্রায় সম্পূর্ণ সিদ্ধ করে রান্না করলে রান্নার কী বজায় থাকে?
৪. আমাদের ভালো থাকা এবং শারীরিক সুস্থতার জন্য কী প্রয়োজন?
৫. আন্তরিক প্রচেষ্টার মাধ্যমে আমরা খাদ্যের কী রোধ করতে পারি?
৬. শরীর ও মন নানা ধরনের পরিবর্তনের মধ্য দিয়ে কোন সময়ে যায়?
৭. স্বাস্থ্য রক্ষায় খাবার পুষ্টিকর হওয়ার পাশাপাশি কী হওয়া খুবই জরুরি।
৮. দাঁড়িয়ে কোন ধরনের ব্যায়াম করে নিলে পানির মধ্যে পেশিতে টান পড়ার আশংকা কমে যায়?
৯. সাঁতার কাটার জন্য কী রকম পোশাক পরতে হয়?
১০. কোন উদ্ভূত চ্যালেঞ্জ এবং তা মোকাবিলার কৌশল পরিস্থিতি এবং ব্যক্তিভেদে ভিন্ন ভিন্ন হয়?

খ. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন:

(২×১০=২০)

১. খাবার কেন অনিরাপদ হয়?
২. খাদ্যের গুণগত মান বজায় রাখতে কী কী করা যায়?
৩. দম বাড়ানোর উপকারিতা কী কী?
৪. কৈশোরে শারীরিক ও মানসিক কী কী পরিবর্তন হয়?
৫. মানসিক চাপের ইতিবাচক প্রভাব ব্যাখ্যা করো।
৬. কীভাবে সহমর্মী আচরণ করা যায়? ব্যাখ্যা করো।
৭. মানসিক চাপ ব্যবস্থাপনা কীভাবে করা যায়? ব্যাখ্যা করো।
৮. ভাত রান্নার স্বাস্থ্যকর উপায় ব্যাখ্যা করো।
৯. দীর্ঘক্ষণ ধরে খেলাধুলা করতে হলে কী প্রয়োজন হয়? ব্যাখ্যা করো।
১০. অন্যদের সাথে সম্পর্ক উন্নয়নে কোন কোন কাজগুলো সাহায্য করতে পারে? লিখ।

গ. রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন):

(৫×৩=১৫)

১. ‘নিজেদের সুস্থ রাখার জন্য খাবার নিরাপদ রাখা, পুষ্টিমান বজায় রাখার দিকে লক্ষ রাখুন’ বিষয়ক সচেতনতা তৈরির উদ্দেশ্যে একটি লিফলেট প্রস্তুত করো।

২. ভালো থাকা ক্লাব গঠনের প্রক্রিয়া বর্ণনা করো।

৩. স্বাস্থ্য কী? কীভাবে ভালো থাকা যায়? ব্যাখ্যা করো।

ঘ. রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর প্রশ্ন):

(৮×৫=৪০)

সুমন বিদ্যালয়ের ভালো থাকা ক্লাবের একজন নিয়মিত সদস্য। ক্লাবের পক্ষ থেকে তাকে ৬ষ্ঠ শ্রেণির কয়েকজন শিক্ষার্থীকে সঁতার এর প্রশিক্ষণ দেওয়ার জন্য দায়িত্ব দেয়া হলো। সেখানে সে আয়োজক এবং সহযোগী হিসেবেও ভূমিকা পালন করবে। প্রশিক্ষণকালে একজন প্রশিক্ষণার্থীর প্রায় ডুবে যাওয়ার মতো পরিস্থিতি তৈরি হলো।


১. ক. উদ্দীপকে উল্লিখিত দায়িত্ব পালনে যেসকল কাজ করতে হবে, তার একটি তালিকা তৈরি করো। ৩
খ. প্রশিক্ষণকালে উদ্ভূত পরিস্থিতি মোকাবিলায় প্রাথমিকভাবে করণীয় বিশ্লেষণ করো। ৫

মুসার বন্ধু নাহিদ কিছুদিন যাবৎ বিদ্যালয়ে আসছে না। অন্য এক বন্ধুর কাছ থেকে মুসা জানতে পারলো যে, নাহিদের খুবই মন খারাপ। কারণ বাবা মায়ের অনুমতি ছাড়া সে বন্ধুদের সাথে পিকনিকে গিয়েছিল বলে তারা মুসার উপর খুব রাগ করেছেন। এর ফলে নাহিদ খুব হতাশাগ্রস্ত এবং কথা বলাও কমিয়ে দিয়েছে।

২. ক. নাহিদের এমন পরিস্থিতি থেকে বেরিয়ে আসার উপায় কী? ব্যাখ্যা করো। ৩
খ. নাহিদকে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার জন্য মুসা কীভাবে সাহায্য করতে পারে? বর্ণনা করো। ৫

৮ম শ্রেণির ছাত্র আশিক ও রবিন ভালো বন্ধু। আশিক নিয়মিত শরীরচর্চা করে। অপরদিকে রবিন তাদের বিদ্যালয়ের ভালো থাকা ক্লাবের সদস্য। ক্লাবের কিছু সদস্য নিয়ে রবিন তাদের নিজ নিজ প্রতিবেশীদের মাঝে প্রাথমিক চিকিৎসার সুফল ছড়িয়ে দেয়ার পরিকল্পনা গ্রহণ করে।

৩. ক. আশিকের প্রতিদিনের কাজের ফলাফল ব্যাখ্যা করো। ৩
খ. রবিনের পরিকল্পনাটি বিশ্লেষণ করো। ৫



১ম চিত্র



২য় চিত্র

রহিম মিয়া তার সাপে কাটা ছেলের জীবন বাঁচাতে ওঝাকে খবর দিলেন।

৪. ক. সাপে কাটা রোগীর প্রাথমিক চিকিৎসা হিসেবে উপরের কোনটি পদ্ধতি সঠিক? ব্যাখ্যা করো। ৩
খ. রহিম মিয়ার সিদ্ধান্তটি মূল্যায়ন করো। ৫

মুনা এবং তার আরও দশজন বন্ধু একটি প্রশিক্ষণ কাজে নিয়োজিত ছিলো। দিনশেষে তারা ক্লান্ত এবং কিছুটা ক্ষুধার্তও ছিলো। স্কুলের সামনেই সিঁজাড়া এবং ফুচকা বিক্রি হচ্ছে। বন্ধুরা বললো, চলো সবাই মিলে কিছু খাওয়া যাক। মুনা বললো, আমি এগুলো খাবো না, বাড়িতে যেয়ে খাবো।

৫. ক. মুনার খাবার গ্রহণে অনিচ্ছার কারণ কী হতে পারে? ব্যাখ্যা করো। ৩
খ. বন্ধুদের সিদ্ধান্তের ফলাফল কী হতে পারে? বিশ্লেষণ করো। ৫

স্বাস্থ্য সুরক্ষা
৮ম শ্রেণি

ছ. নমুনা উত্তর

ক. নৈব্যক্তিক প্রশ্ন

বহুনির্বাচনি প্রশ্নের উত্তর

প্রশ্নের নম্বর	উত্তর	প্রশ্নের নম্বর	উত্তর
১.	ঘ	৯.	গ
২.	গ	১০.	খ
৩.	গ	১১.	খ
৪.	খ	১২.	গ
৫.	খ	১৩.	ঘ
৬.	গ	১৪.	খ
৭.	গ	১৫.	ক
৮.	খ		

এক কথায় উত্তর:

প্রশ্নের নম্বর	উত্তর
১.	যোগ ব্যায়াম
২.	সুস্বাস্থ্য
৩.	পুষ্টিগুণ
৪.	মানসিক সুস্থতা
৫.	অপচয়
৬.	বয়ঃসন্ধিকাল
৭.	নিরাপদ
৮.	ফ্রি হ্যান্ড
৯.	হালকা
১০.	মানসিক চাপ

নম্বর প্রদান নির্দেশিকা (Rubrics) ও সম্ভাব্য নমুনা উত্তর

খ. সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের নমুনা উত্তরসহ নম্বর প্রদানের নির্দেশনা

১ নম্বর সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের নম্বর প্রদান নির্দেশনা :

প্রশ্ন নং	নম্বর	নম্বর প্রদান নির্দেশনা
১. খাবার কেন অনিরাপদ হয়?	২	অনিরাপদ খাবারের ধারণা অন্তত ১টি উদাহরণ দিয়ে ব্যাখ্যা করতে পারলে
	১	অনিরাপদ খাবারের সংজ্ঞা/ ধারণা লিখলে

	০	অপ্রাসঙ্গিক/ভুল উত্তর লিখলে
--	---	-----------------------------

গ. রচনামূলক প্রশ্নের (দৃশ্যপটবিহীন) নমুনা উত্তরসহ নম্বর প্রদানের নির্দেশনা

৩ নম্বর রচনামূলক প্রশ্নের নম্বর প্রদান নির্দেশনা

প্রশ্ন নং	নম্বর	নম্বর প্রদান নির্দেশনা
৩. স্বাস্থ্য কী? কীভাবে ভালো থাকা যায়?	৫	ভালো থাকা যায় এমন ১/২ টি উপায় ব্যাখ্যাসহ নিজস্ব মতামত দিতে পারলে
ভালো থাকা যায়? ব্যাখ্যা কর।	৪	ভালো থাকা যায় এমন ১/২ টি উপায় ব্যাখ্যা করতে পারলে
	৩	স্বাস্থ্যের ধারণা ব্যাখ্যাসহ কীভাবে ভালো থাকা যায় তার ১/২ টি উপায় লিখতে পারলে
	২	স্বাস্থ্যের ধারণা ব্যাখ্যা করতে পারলে
	১	স্বাস্থ্যের সংজ্ঞা/ধারণা লিখলে
	০	অপ্রাসঙ্গিক/ভুল উত্তর লিখলে

গ. রচনামূলক প্রশ্নের (দৃশ্যপট নির্ভর) নমুনা উত্তরসহ নম্বর প্রদানের নির্দেশনা

৮ম শ্রেণির ছাত্র আশিক ও রবিন ভালো বন্ধু। আশিক প্রতিদিন খেলাধুলা, নিয়মিত দম, শক্তি এবং গতি বৃদ্ধির ব্যায়াম, সাঁতার, সুখাসন অনুশীলন করে। অপরদিকে রবিন তাদের বিদ্যালয়ের ভালো থাকা ক্লাবের সদস্য। ক্লাবের কিছু সদস্য নিয়ে রবিন একটি দল গঠন করে। তারা তাদের নিজ এলাকার মানুষদের মাঝে বিভিন্ন আঘাত দুর্ঘটনায় তাৎক্ষণিকভাবে বা দ্রুত চিকিৎসা সহায়তার সুফল ছড়িয়ে দেয়ার পরিকল্পনা গ্রহণ করে।

৩. ক. আশিকের প্রতিদিনের কাজের ফলাফল ব্যাখ্যা করো। ৩
খ. রবিনের পরিকল্পনাটি বিশ্লেষণ করো। ৫

৩.ক. নম্বর প্রশ্নের নম্বর প্রদান নির্দেশনা

প্রশ্ন নং	নম্বর	নম্বর প্রদান নির্দেশনা
৩.ক	৩	আশিকের প্রতিদিনের কাজের উপকারিতা ব্যাখ্যা করতে পারলে
	২	শারীরিক ফিটনেস এর সংজ্ঞা/ধারণা ব্যাখ্যা করতে পারলে
	১	শারীরিক ফিটনেস কী লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক/ভুল উত্তর লিখলে

৩.খ. নম্বর প্রশ্নের নম্বর প্রদান নির্দেশনা:

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশনা
১. খ	৫	ভালো থাকা ক্লাবের মাধ্যমে রবিনের প্রতিবেশীদের প্রাথমিক চিকিৎসা দেওয়ার উদ্যোগটি বিশ্লেষণ করে নিজস্ব মতামত দিতে পারলে
	৪	প্রাথমিক চিকিৎসার প্রয়োজনীয়তা বিশ্লেষণ করলে
	৩	প্রাথমিক চিকিৎসার প্রয়োজনীয়তা লিখলে
	২	প্রাথমিক চিকিৎসা ব্যাখ্যা করলে
	১	প্রাথমিক চিকিৎসা কী লিখলে
	০	অপ্রাসঙ্গিক/ভুল উত্তর লিখলে

বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪
শিল্প ও সংস্কৃতি
অষ্টম শ্রেণি

বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪

বিষয় : শিল্প ও সংস্কৃতি

অষ্টম শ্রেণি

সাধারণ নির্দেশনা

□ মাধ্যমিক স্তরের ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত মূল্যায়ন নির্দেশনা:

২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ, সপ্তম, অষ্টম এবং নবম শ্রেণির সামষ্টিক মূল্যায়ন/পরীক্ষা জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর ভিত্তিতে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১. মূল্যায়ন কার্যক্রম শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়ন এই দুটি ভাগে অনুষ্ঠিত হবে।
২. মোট ১০০ নম্বরের মধ্যে শিখনকালীন মূল্যায়নের গুরুত্ব হবে ৩০% এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়নের গুরুত্ব হবে ৭০%।
৩. বার্ষিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ৭০ নম্বরে রূপান্তর করে এবং শিখনকালীন মূল্যায়নের বরাদ্দকৃত ৩০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বর একত্রিত করে মোট ১০০ নম্বরের ভিত্তিতে বিষয়ভিত্তিক ফলাফল নির্ধারণ করতে হবে।।
৪. (ক) বিষয়ভিত্তিক নির্দেশনাবলীতে উল্লিখিত নির্দেশনা মোতাবেক শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই সম্পন্ন করতে হবে।
(খ) শিখনকালীন মূল্যায়নের জন্য সংগৃহীত রেকর্ডসমূহের কপি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
(গ) শিখনকালীন মূল্যায়ন পরিচালনার জন্য বিষয়ভিত্তিক নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৫. নৈর্ব্যক্তিকসহ সকল বিষয়ের লিখিত পরীক্ষা গ্রহণের মোট সময় হবে ৩ ঘন্টা।
৬. বিষয়শিক্ষকগণকে নিজ নিজ বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য যথাযথ গোপনীয়তা রক্ষা করে শিক্ষা মন্ত্রণালয় প্রদত্ত নমুনা প্রশ্নপত্রের মতো নিজেরাই প্রশ্নপত্র তৈরি করে বার্ষিক পরীক্ষা গ্রহণ করবেন।
৭. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকগণকে শ্রেণি/বিষয় শিক্ষকের সাহায্যে যথাযথ গোপনীয়তা রক্ষা করে প্রশ্নপত্র প্রণয়ন এবং পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করতে হবে।
৮. লিখিত পরীক্ষার উত্তর লেখার জন্য বিদ্যালয় কর্তৃক প্রয়োজনীয় খাতা সরবরাহ করতে হবে।
৯. মাদ্রাসা এবং কারিগরি শিক্ষার ধারার বিশেষায়িত বিষয়সমূহের বার্ষিক পরীক্ষা পূর্বের ন্যায় অনুষ্ঠিত হবে।
১০. সকল ধারার দশম শ্রেণির বার্ষিক পরীক্ষা পূর্বের ন্যায় অনুষ্ঠিত হবে।

বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪

বিষয় : শিল্প ও সংস্কৃতি

অষ্টম শ্রেণি

(ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম

ক্রম	অভিজ্ঞতার নাম	তত্ত্বীয়	ব্যবহারিক
